গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-০১ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০০৩.০৫.০১৮.১৮- ৬৭

তারিখ: ০২ মাঘ, ১৪২৫ / ১৫ জানুয়ারি, ২০১৯

বিষয়: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এর ২য় কোয়ার্টার (০১ অক্টোবর থেকে ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত) এর মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এর ২য় কোয়ার্টার (০১ অক্টোবর থেকে ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত) এর মূল্যায়ন প্রতিবেদন নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি: ২০১৮-২০১৯ এর ২য় কোয়ার্টার (০১ অক্টোবর থেকে ৩১ ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত মূল্যায়ন প্রতিবেদন ও (নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীসহ) ০৭ (সাত) পাতা।

১৫/০১/১৯
(মীর আব্দুল আউয়াল আল মেহেদী)
উপসচিব
ফোন: ৯১১৮২৭১

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ-উপসচিব, শুদ্ধাচার অধিশাখা)।

বিতরণ:কার্যার্থে/জ্ঞাতার্থে :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

I:\NIS Work Plan & Monitoring Sheet\NIS Forwarding .docx New-17,18.docx-217

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.imed.gov.bd.

বিষয়: ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর ২য় কোয়ার্টার (০১ অক্টোবর হতে ৩১ ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত) বাস্তবায়ন সংক্রান্ত মূল্যায়ন প্রতিবেদনের উপর 'নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী।

সভাপতি	:	আবুল মনসুর মোঃ ফয়েজউল্লাহ, এনডিসি ভারপ্রাপ্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
সভার তারিখ ও সময়	:	১৩ জানুয়ারি, ২০১৯, সকাল-১১.০০ ঘটিকা।
সভার স্থান	:	এ বিভাগের সিপিটিইউ'র সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংযোজনী 'ক'-তে দেখানো হল।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাকে অবহিত করা হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ এর বাস্তবায়ন সংক্রান্ত ২য় কোয়ার্টারের মূল্যায়ন প্রতিবেদন (০১ অক্টোবর হতে ৩১ ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত) আগামী ১৫ জানুয়ারি, ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে।

০২। সভায় বিভাগের সকল সেক্টর হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ এর বাস্তবায়ন সংক্রান্ত ২য় কোয়ার্টারের মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিভাগের সেক্টর প্রধান/মহাপরিচালকগণ আলোচনায় অংশগ্রহণ করে তাঁদের মতামত ব্যক্ত করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত:

i. গত ০৮ অক্টোবর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত এ বিভাগের নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত হয়েছে মর্মে একমত পোষণ করা হয়।

ii. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ এর ২য় কোয়ার্টারের (০১ অক্টোবর হতে ৩১ ডিসেম্বর, ২০১৮) মূল্যায়ন প্রতিবেদন ১৫ জানুয়ারি, ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। ১.১ অনুচ্ছেদ অনুযায়ী গত ০৮ অক্টোবর, ২০১৮ তারিখে নৈতিকতা কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে, ১.২ অনুচ্ছেদ অনুযায়ী নৈতিকতা কমিটির সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত হয়েছে, ২.১ অনুচ্ছেদ অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে (Stakeholder) একটি সভা অনুষ্ঠিত হয়েছে, ২.২ অনুচ্ছেদ অনুযায়ী ৬০ জন কর্মকর্তা/কর্মচারিকে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, ২.৩ অনুচ্ছেদ অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে ৬০ জন কর্মকর্তা/কর্মচারি-কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, ৪.৩ অনুচ্ছেদ অনুযায়ী এ বিভাগে তথ্য বাতায়নে দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬(টোল ফ্রি) সংযোজন করা হয়েছে এবং বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারি-কে ৩১ ডিসেম্বর, ২০১৮ তারিখের মধ্যে অবহিত করা হয়েছে, ৪.৪ অনুচ্ছেদ অনুযায়ী তথ্য বাতায়ন ৩১ ডিসেম্বর, ২০১৮ তারিখের মধ্যে হালনাগাদ করা হয়েছে, ৪.৫ অনুচ্ছেদ অনুযায়ী তথ্য অধিকার আইন ২০০৯, জনস্বার্থে সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থে সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে ৫০ জন কর্মকর্তা/কর্মচারি-কে অবহিত করা হয়েছে, ৪.৬ অনুচ্ছেদ অনুযায়ী স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ৩১ ডিসেম্বর, ২০১৮ তারিখের মধ্যে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে, ৫.১ অনুচ্ছেদ অনুযায়ী দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম এর ব্যবহার শতভাগ বাস্তবায়ন করা হয়েছে, ৫.২ অনুচ্ছেদ অনুযায়ী ১০টি জেলার জেলা প্রশাসকও উন্নয়ন সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে এ বিভাগের সচিবের ভিডিও কনফারেন্স সম্পন্ন করা হয়েছে, ৫.৩ অনুচ্ছেদ অনুযায়ী দাপ্তরিক কাজে শতভাগ ইউনিকোড ব্যবহার হচ্ছে, ৫.৫ অনুচ্ছেদ অনুযায়ী অনলাইন/ই-সেবা শতভাগ পরিবীক্ষণ করা হয়েছে, ৬.৩ অনুচ্ছেদ অনুযায়ী চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/সহজিকৃত সেবা পরিবীক্ষণ শতভাগ বাস্তবায়ন করা হয়েছে, ৭.৩ অনুচ্ছেদ অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ৫০ ভাগ বাস্তবায়ন করা হয়েছে, ৭.৪ অনুচ্ছেদ অনুযায়ী পরিদর্শন/আকস্মিক পরিদর্শন সম্পন্ন করা হয়েছে ৯টি, ৭.৫ অনুচ্ছেদ অনুযায়ী শতভাগ নথি শ্রেণি বিন্যাস করা হয়েছে, ৮.১ অনুচ্ছেদ অনুযায়ী দপ্তরের সেবামূল্য/ফিস গ্রহণের ক্ষেত্রে শতভাগ রশিদের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে, ৮.২ অনুচ্ছেদ অনুযায়ী রাজস্ব ও উন্নয়ন খাতের কোয়ার্টার ভিত্তিক সময়মত বরাদ্দ ছাড় করা হয়েছে, ১০.১ অনুচ্ছেদ অনুযায়ী শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ১.৫ লক্ষ ব্যয় করা হয়েছে এবং ১১.২ অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

iii. ২য় কোয়ার্টারের সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং পরবর্তী কোয়ার্টারসমূহে এ ধারা অব্যাহত রাখা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

iv. এ বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক বিভিন্ন প্রকল্প পরিদর্শনের পরে যে পরির্দশন প্রতিবেদন জারি করা হয় তার উপর প্রধান/মহাপরিচালকগণ নিয়মিত ফলো-আপ সভা করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

v. অফিস আঙ্গিনা সার্বক্ষণিকভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং বিদ্যুৎ ও পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য অনুবিভাগ/সেক্টর প্রধান/মহাপরিচালকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-/১৫/০১/১৯

(আবুল মনসুর মোঃ ফয়েজউল্লাহ, এনডিসি)
ভারপ্রাপ্ত সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

নথি নং-২১.০০.০০০০.০০৩.০৫.০১৮.১৮-৬৮

০২ মাঘ, ১৪২৫
তারিখ:--------------------
১৫ জানুয়ারি, ২০১৯

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ-উপসচিব, শুদ্ধাচার অধিশাখা)
২. অতিরিক্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩. অতিরিক্ত সচিব, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১ (শিল্প ও শক্তি), মহাপরিচালক (অতিরিক্ত সচিব) সিপিটিইউ/মহাপরিচালক (অতিরিক্ত সচিব) পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮(মূল্যায়ন), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪. যুগ্মসচিব (প্রশাসন), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫. জনাব মোঃ মাহমুদুল হক, যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট জাতীয় শুদ্ধাচার কৌশল, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৬. মহাপরিচালক (সকল), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৭. পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৯. অফিস কপি।

১৫/০১/১৯

(মীর আব্দুল আউয়াল আল মেহেদী)
উপসচিব
ফোন: ৯১১৮২৭১